# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ২. ১১. ৩. অর্থের ভালবাসা সকল পাপের মূল?

১ তীমথিয় ৬/১০ ইংরেজি কিং জেমস ও রিভাইজড স্টান্ডার্ড উভয় ভার্শনেই নিম্নরূপ: “For the love of money is the root of all evil” অর্থাৎ “অর্থের ভালবাসাই সকল অন্যায়ের একমাত্র মূল”। কেরি: “ধনাসক্তি সকল মন্দের একটা মূল”। জুবিলী: “অর্থলালসাই সমস্ত অনিষ্টের মূল।” কিতাবুল মোকাদ্দস: “সব রকম খারাপীর গোড়াতে রয়েছে টাকা-পয়সার প্রতি ভালবাসা।”

উপরের শিক্ষার মতই এটা একটা অতিরঞ্জন মাত্র। বিবাহের বাসনার মতই অর্থের ভালবাসা মানবীয় প্রকৃতির অবিচ্ছেদ্য অংশ। সকলের মধ্যেই তা আছে ও থাকতে হবেই। এর সীমালঙ্ঘন বা অপব্যবহার খারাপ হতে পারে, মূল বাসনা বা ভালবাসা কখনোই পাপ হতে পারে না। মানবীয় প্রকৃতির স্বাভাবিক বিষয়কে পাপ বা সকল পাপের মূল বললে মুর্খ ভক্তরা উদ্বেলিত ও বিমুগ্ধ হন, কিন্তু বিবেকবান সচেতন মানুষের মনে হাজারো প্রশ্ন জাগে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14400

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন